গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৫.১১.০৫২.১৬ - ৩৪৩ তারিখ ঃ ৬/৩/১৮খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অন-লাইনে নির্ধারিত ছকে আবেদন আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ০২টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | কোন স্বীকৃত বোর্ড হইতে এইচ,এস,সি বা সমমান পাশ। সাঁট-লিখন গতি প্রতি মিনিটে ইংরেজী ৮০, বাংলায় ৫০ শব্দ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি নিম্নরূপ থাকিতে হবেঃ<br>বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫(পচিঁশ) শব্দ<br>ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০(ত্রিশ) শব্দ।<br>সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬(ছয়) মাস মেয়াদি সাঁট লিপি ও কম্পিউটারে প্রশিক্ষণের সনদ অবশ্যই থাকতে হবে। |
| ০২ | প্রদর্শক | ০৩টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ যুব উন্নয়ন অধিদপ্তরের যে কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে গবাদিপশু ও হাঁস-মুরগীপালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক ২(দুই) মাস১৫(পনের) দিন মেয়াদী কোর্সে "ক" গ্রেডে উত্তীর্ণ হতে হবে। |
| ০৩ | জুনিয়র প্রশিক্ষক(পোষাক) | ০৬টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত এবং পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রদানের ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক) | ০১টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পোষাক তৈরী ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত এবং পোষাক তৈরী ট্রেডে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫ | গাড়ীচালক | ৩২টি | ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | অষ্টম শ্রেণী পাশ। হাল্কা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |

০২। **অন-লাইনে আবেদন দাখিলের তথ্য ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ**

(১) অনলাইন-এ আবেদন পূরণ এবং দাখিলের সময়সূচিঃ
ক) আবেদন পত্র পূরণ ও দাখিল শুরুর তারিখ ও সময় ঃ ০৭-০৩-২০১৮ খ্রিঃ সকাল ০৯.০০ টা থেকে।
খ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় ঃ ২৯-০৩-২০১৮ খ্রিঃ বিকাল ০৫.০০ টা পর্যন্ত।
গ) নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।
ঘ) শুধুমাত্র সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে বিভাগীয় কর্মরত প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।
ঙ) সকল পদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এস,আর,ও নং ১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০, তারিখ ৬ই আষাঢ় ১৪১২/২০ শে জুন ২০০৫ অনুযায়ী ১ জুলাই, ১৯৯৭ ইং তারিখ হতে শুরু হওয়া উন্নয়ন বাজেটভুক্ত সরকার কর্তৃক অনুমোদিত সমাপ্ত প্রকল্পসমূহের জনবলের বয়সসীমা শিথিলযোগ্য।

(২) বয়সসীমা ঃ ২৯-০৩-২০১৮ তারিখে বয়স ঃ
ক) প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে, তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।
খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের পুত্র-কন্যাদের বয়স ১৮ থেকে ৩০ বছর পর্যন্ত।
গ) প্রার্থীর বয়স কম বা বেশী হলে আবেদন পত্র গ্রহণযাগ্য হবে না।

(৩) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। কোন প্রার্থী বিদেশী নাগরিককের সাথে বিবাহ বা বিবাহের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হলে তিনি আবেদনের জন্য অযোগ্য বলে গণ্য হবেন।

(৪) প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে অবিকল সেভাবে লিখতে হবে।

(৫) অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র যাচাইবাছাই শেষে লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং যোগ্য প্রার্থীগণই শুধুমাত্র লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদনপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

(৬) Online Application Form পূরণের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের Web Address : www.dyd.gov.bd থেকে প্রাপ্ত অনলাইন আবেদনপত্র বৈধ বলে গণ্য হবে।

(৭) অনলাইনে ফরম পূরণের সংক্ষিপ্ত পদ্ধতি ঃ

ক) প্রার্থীকে যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট www.dyd.gov.bd এ প্রবেশ করে নোটিশ/বিজ্ঞপ্তি বক্সে প্রদত্ত নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online Application কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েব সাইট ওপেন করলে (১) ''সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর'', " প্রদর্শক ", "জুনিয়র প্রশিক্ষক(পোষাক)", " জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক)"," গাড়ীচালক" পদে নিয়োগ বিজ্ঞপ্তি (২) আবেদনের নির্দেশনাবলী (৩) বর্ণিত পদে নিয়োগ এর জন্য নির্ধারিত Application Form এর Button দৃশ্যমান হবে। অতঃপর Application Form এর Button এ ক্লিক করলে Application Form দৃশ্যমান হবে।

খ) Online আবেদন ফরম পূরণপূর্বক ৫x৫ সে. মি. সাইজের ছবি, Signature এবং ট্রেজারী চালানের রশিদ এর স্ক্যান কপি আপলোড করে submission সম্পন্ন করতে হবে।

গ) Submission সফলভাবে সম্পন্ন হলে Application IDসহ প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে ১টি SMS যাবে, যা প্রিন্ট বা ডাউনলোড করে প্রার্থী সংরক্ষণ করতে পারবেন।

SMS For example: Congratulations! Mr. Rakibul Karim. Your application has been received successfully. Your application ID 'xxxxxx' and Password 'xxxxxxxx'.

(৮) প্রত্যেক পদের জন্য পরীক্ষার ফি-বাবদ ১০০(একশত) টাকা ''মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা'' এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে ''১/৩৬৮০/০০০০/২০৩১'' কোডে জমা দিতে হবে। ট্রেজারী চালানের নম্বর, তারিখ, ব্যাংকের নাম Application Form -এর নির্দিষ্ট ঘরে উল্লেখ করতে হবে এবং ট্রেজারী চালান স্ক্যান করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালানের মূল কপি সংরক্ষণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল কপি জমা প্রদান করতে হবে।

(৯) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত সনদপত্র, নিজ এলাকার পৌরসভার মেয়র/প্রশাসক কিংবা সিটি কর্পোরেশনের কাউন্সিলর অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী নিবাস সংক্রান্ত সনদপত্র, প্রথম শ্রেণির সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ আবেদনে উল্লেখিত সকল তথ্যের স্বপক্ষে মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদ পত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।

(১০) বিজ্ঞাপিত সকল পদে যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধিমালা ২০১২ অনুসারে পদোন্নতিযোগ্য পদ সংরক্ষণ পূর্বক এ নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(১১) এ নিয়োগের ক্ষেত্রে সরকারী সর্বশেষ কোটার বন্টন নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

(১২) আবেদনপত্রে কোটার উল্লেখ থাকলে উক্ত কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদ পত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(১৩) প্রার্থী মুক্তিযোদ্ধা বা শহিদ মুক্তিযোদ্ধার পুত্র অথবা কন্যা হলে পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র অথবা মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং নিজ এলাকার পৌরসভার মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক বিষয়ক প্রত্যয়নপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(১৪) এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের ক্ষেত্রে মৌলিক প্রশিক্ষণের সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(১৫) সকল সনদ পত্রের এক কপি সত্যায়িত অনুলিপি মৌখিক পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।

(১৬) পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি উল্লেখপূর্বক প্রবেশপত্র যথাসময়ে ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

(১৭) যুব উন্নয়ন অধিদপ্তরের Web Address : www.dyd.gov.bd এ ''সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর'', " প্রদর্শক ", "জুনিয়র প্রশিক্ষক(পোষাক)", " জুনিয়র ডেমোনেস্ট্রেটর (ব্লক ও বাটিক)"," গাড়ীচালক" নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(১৮) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

০৬/০৩/১৮

( আ. ন. আহম্মদ আলী)
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)